

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ১৬ অক্টোবর, ২০২৪ খ্রি.


প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১৬/১০/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ বুধবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব ইশরাত সিদ্দিকা এর নেতৃত্বে "ডি আর ফুড প্রোডাক্টস" মোহাম্মদবাগ, কদমতলী, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

প্রতিষ্ঠানটি মূলত বিভিন্ন প্রকার শিশুখাদ্য (লেগি বার, ফ্লেভার ও কালার ড্রিংক, লিচি ইত্যাদি) উৎপাদন করছিল। অভিযানকালে প্রতিষ্ঠানে বেশকিছু যথাযথ লেবেল সংযোজন ব্যতিরেকে অর্থাৎ বিদেশ থেকে আমদানিকৃত খাবার রঙ এর মোড়কে যথাযথ আমদানিকারকের তথ্য সংবলিত ছিলো না এবং বিভিন্ন ফ্লেভার যেমন আম, তেতুল, স্ট্রবেরী, লিচি ইত্যাদির বোতলে কোন প্রকার উৎপাদনকারী, বাজারজাতকারী অথবা খুচরা বিক্রেতার কোন তথ্যসহ কোন প্রকার উৎপাদন/মেয়াদোত্তীর্ণের তারিখ সংবলিত ছিলো না। এছাড়াও সকল খাদ্য কর্মীদের স্বাস্থ্য সনদ প্রদর্শনে ব্যর্থ হয়। এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানটিকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা জরিমানা করা হয় এবং তাৎক্ষণিকভাবে তা আদায় করা হয়।

অভিযান পরিচালনাকালে "ডি আর ফুড প্রোডাক্টস" কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে জনাব মো: মিজানুর রহমান, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি টোকস টিম উপস্থিত ছিলেন।



(এ এইচ এম আসিফ বিন ইকরাম)

উপপরিচালক

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।